# বিনামূল্যের পোশাক তৈরী ও বিতরণে ব্যাপক দুর্নীতি

পত্রিকায় অভিযোগ প্রকাশিত হওয়ার পর বিভিন্ন স্থানে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণের কাজ শুরু হইলেও বিনামূল্যের পোশাক তৈরী ও বিতরণের ক্ষেত্রে ব্যাপক দুর্নীতি চলিতেছে।

কালিয়া (যশোর) হইতে ইত্তেফাকের নিজস্ব সংবাদদাতা জানান, অবশেষে কালিয়া থানার প্রাথমিক বিদ্যালয়সমূহের গরীব ছাত্র ছাত্রীদের মধ্যে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণের কাজ শুরু হইয়াছে। বিনামূল্যের বই বণ্টনহীন অবস্থায় পড়িয়া থাকা সংক্রান্ত একটি খবর গত জুলাই মাসে দৈনিক ইত্তেফাকে প্রকাশিত হওয়ার পর কর্তৃপক্ষ আগষ্ট মাসের শেষ দিকে বণ্টনের ব্যবস্থা করেন। এদিকে ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যের পোশাক বিতরণ এখনও শুরু হয় নাই।

সিরাজগঞ্জের (পাবনা) সংবাদদাতা জানান, শেষ পর্যন্ত অত্র মহকুমার বিভিন্ন থানায় দরিদ্র প্রাথমিক ছাত্র-ছাত্রীদেরকে বিনামূল্যের পাঠ্যপুস্তক প্রদান শুরু হইয়াছে। গত ১৪ই আগষ্ট 'বইয়ের

(৫ম পৃঃ দ্রঃ)

## বিনামূল্যে পোষাক

(৩য় পৃঃ পর)

স্তূপে উই পোকা ॥ সিও'র বাসায় দর্জিখানা' শীর্ষক খবর প্রকাশের পর বই বিতরণ শুরু হয়। তবে অত্র এলাকার সরকারী বিদ্যালয়গুলির প্রথম শ্রেণীর ছাত্রীদের মধ্যে বিনামূল্যের পোশাক তৈরী ও বিতরণের ক্ষেত্রে ব্যাপক দুর্নীতি চলিতেছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। সরকারী নির্দেশ উপেক্ষা করিয়া নিম্নমানের কাপড় দ্বারা যেনতেন ভাবে তৈরী পোশাক বিতরণ করা হইতেছে। অধিকাংশ ক্ষেত্রে সে পোশাক মেয়েদের গায়ে লাগে না বলিয়া শিক্ষক ও অভিভাবকরা অভিযোগ করিয়াছেন।

আমাদের বগুড়ার সংবাদদাতা জানান, সারিয়াকান্দি থানা শিক্ষা কর্মকর্তার বাসভবনে বাজারের নিম্নমানের কাপড় দ্বারা জামাকাপড় তৈরী করার অভিযোগ সম্পর্কে গত ২৬শে আগষ্ট সদর মহকুমা প্রশাসক ও অতিরিক্ত মহকুমা প্রশাসক সরেজমিনে তদন্ত করিয়া ঘটনার সত্যতা যাচাই করেন। তাঁহারা তৈরীকৃত পোশাকের মধ্য হইতে তিন সেট পোশাক সীজ করিয়া লইয়া যান ও বাসায় কাপড় তৈরী না করার মৌখিক নির্দেশ দেন। বিষয়টি জেলা দুর্নীতি দমন বিভাগের হাতে ন্যস্ত করা হইবে বলিয়া সদর মহকুমা প্রশাসক জানান। এদিকে নিম্নমানের কাপড় দ্বারা পোশাক তৈরী করার ফলে ছাত্র-ছাত্রীরা উহা গ্রহণে অস্বীকৃতি জ্ঞাপন এবং ঘটনার সুষ্ঠু তদন্তের দাবী জানাইয়াছে।

রংপুরের কুড়িগ্রাম হইতে আমাদের সংবাদদাতা জানান, সম্প্রতি রাজিবপুর থানা শিক্ষা অফিসার এই থানার একটি প্রাইমারী স্কুলের ছাত্র-ছাত্রীদের জন্য বরাদ্দকৃত ৪৪ হাজার টাকা কুড়িগ্রাম সাব-ট্রেজারী হইতে (চালান নং ১২৫০, ১৫ই জুন) অবৈধভাবে উঠাইয়া আত্মসাৎ করিয়াছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। এদিকে কম দামের কাপড় দিয়া পোশাক তৈরী করায় ছাত্র-ছাত্রীদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হইয়াছে।

মাধবপুরস্থ (সিলেট) সংবাদদাতা জানান, অত্র থানার প্রাথমিক বিদ্যালয়গুলির সীমিত-সংখ্যক ছাত্রী বিনা মূল্যের ফ্রক ও প্যান্ট পাইলেও উহার কাপড় অত্যন্ত নিম্নমানের এবং রং উঠিয়া যাওয়ায় শিক্ষক ও অভিভাবক মহলের মধ্যে নানা প্রশ্ন দেখা দিয়াছে।